

ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন	
স্টেশন প্রকৌশলী	
উপ-স্টেশন প্রকৌশলী	
সহকারী বেতার প্রকৌশলী	
স্টেশন সিকিউরিটি	

Handwritten signature

৩৭৪০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর



৩১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

তারিখ: ২০/১০/২০২০

নথি নং ১৫.৫৩.০০০০.০১৩.০২.০১৬.১৮. ৮০২

চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুন বাগিচা
ঢাকা।

বিষয় : অফেরৎযোগ্য জিপি ফান্ড অগ্রিম মঞ্জুরি প্রদান।

০১। উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের ০৮/০৮/১৯৭৯ খ্রি. তারিখের এম, এফ, (আর ইউ)/১ (৫)/ ৭৯/ ৩০ সংখ্যক পত্র অনুযায়ী ১৯৭৯ সালের জি, পি ফান্ড মঞ্জুরী আইনের ১৩(৯) ধারা মোতাবেক, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা এর নিরাপত্তা প্রহরী জনাব শুকুর আলী-কে মেয়ের বিয়ের ব্যয়ভার বহন করার জন্য তার জি,পি ফান্ড হিসাব নম্বর সিএও/তথ্য/বেতার/২০৬৩ (১০০০২১৭১০২) থেকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মাত্র অফেরৎযোগ্য অগ্রিম মঞ্জুরি প্রদান করছি।

২। জনাব শুকুর আলী-এর বয়স ইতোমধ্যে ৫২ বছর অতিক্রান্ত হয়েছে। তার জন্ম তারিখ ০৭/০৫/১৯৬৭ খ্রি। বর্তমানে তার জি,পি ফান্ড হিসাবে জমা আছে ৮,৪৭,৭৫৯.৪৫ (আট লক্ষ সাতচল্লিশ হাজার সাতশত উনষাট টাকা পয়তাল্লিশ পয়সা)। মঞ্জুরিকৃত অগ্রিম তার জি,পি ফান্ডে মোট জমা টাকার ৮০% এর কম। এই অগ্রিম সম্পূর্ণ অর্থ পরিশোধের সময় এক অংশ হিসেবে গণ্য করা হবে।

৩। এমতাবস্থায়, জনাব শুকুর আলী-কে তার জি, পি ফান্ড হিসাব নম্বর সিএও/তথ্য/বেতার/২০৬৩ (১০০০২১৭১০২) হতে অফেরৎযোগ্য ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা মাত্র উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

Handwritten signature
২০/১০/২০২০

আহম্মদ কামরুজ্জামান
মহাপরিচালক (চলতি দায়িত্ব)
ফোনঃ ৪৪৮১৩০৬২

তারিখ: ২০/১০/২০২০

নথি নং ১৫.৫৩.০০০০.০১৩.০২.০১৬.১৮. ৮০২

অনুলিপি অবগতি ও সদয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ২। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৩। জনাব শুকুর আলী, নিরাপত্তা প্রহরী, জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৪। গার্ড ফাইল।

Handwritten signature
২০/১০/২০২০

(মোঃ আল আমিন খান)
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।
ফোন:৪৪৮১৩০৭৩